



## ডিআইইউতে 'সুরক্ষিত খাদ্য অভিযান : এশিয়া কুইজ কম্পিটিশন অন ফুড সেক্টি' অনুষ্ঠিত

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে পুষ্টি ও খাদ্য প্রকৌশল বিভাগের আয়োজনে 'সুরক্ষিত খাদ্য অভিযান : এশিয়া কুইজ কম্পিটিশন অন ফুড সেক্টি-২০১৮' শীর্ষক আন্তর্জাতিক কুইজ প্রতিযোগিতার বাংলাদেশ পর্ব অনুষ্ঠিত হয়েছে। গতকাল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে এ কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন খাদ্য মন্ত্রণালয়ের সচিব শাহাবুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত সচিব ও বাংলাদেশ খাদ্য নিরাপত্তা অধিদফতরের চেয়ারম্যান মোহাম্মদ মাহফুজুল হক। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সুরক্ষিত খাদ্য অভিযান ভারতের চেয়ারম্যান সঞ্জয় দেব, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রো-ভিসি অধ্যাপক ড. এস এম মাহবুব উল হক মাহমুদার। বিজ্ঞপ্তি।